

উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় এবারও দেশের ১২টি ক্যাডেট কলেজ অসাধারণ সাফল্য অর্জন করেছে। এর মধ্যে ছয়টিতে শতভাগ শিক্ষার্থী পূর্ণ গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (জিপিএ ৫) পেয়েছে।

সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত এসব ক্যাডেট কলেজের মোট ৬০৩ জন পরীক্ষার্থীর সবাই উত্তীর্ণ হয়েছে। তাদের মধ্যে ৫৬৯ জন পেয়েছে জিপিএ ৫। আর ৩৪ জন পেয়েছে জিপিএ ৪-এর বেশি।

শতভাগ পরীক্ষার্থী জিপিএ ৫ পাওয়া ক্যাডেট কলেজগুলো হলো মির্জাপুর, বরিশাল, পাবনা, ফেনী গার্লস, জয়পুরহাট ও কুমিল্লা। এর মধ্যে মির্জাপুর ক্যাডেট কলেজের ৫০, বরিশালের ৫১, পাবনার ৪৯, ফেনী গার্লসের ৫১, জয়পুরহাটের ৫১ ও কুমিল্লা ক্যাডেট কলেজের ৪৬ জন পরীক্ষার্থীর সবাই এ সাফল্য পেয়েছে।

বাকিগুলোর মধ্যে ফৌজদারহাট ক্যাডেট কলেজে পরীক্ষার্থী ছিল ৫৪ জন। তাদের ৫০ জনই পেয়েছে জিপিএ ৫। চারজন পেয়েছে জিপিএ ৪-এর বেশি। ঝিনাইদহ ক্যাডেট কলেজে ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ ৫ পেয়েছে ৪৪ জন। সাতজন পেয়েছে জিপিএ ৪-এর বেশি। রাজশাহী ক্যাডেট কলেজের পরীক্ষার্থী ছিল ৫৫ জন। তাদের ৫১ জনই জিপিএ ৫ পেয়েছে। চারজন পেয়েছে জিপিএ ৪-এর বেশি। সিলেট ক্যাডেট কলেজে ৫১ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ ৫ পেয়েছে ৪৮ জন। তিনজন পেয়েছে জিপিএ ৪-এর বেশি। রংপুর ক্যাডেট কলেজে ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৮ জন জিপিএ ৫ পেয়েছে। সাতজন পেয়েছে জিপিএ ৪-এর বেশি। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজে ৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪০ জন জিপিএ ৫ পেয়েছে। ৯ জন পেয়েছে জিপিএ ৪-এর বেশি।

গত বছরের এইচএসসি পরীক্ষাতেও ক্যাডেট কলেজগুলোর মোট ৬০১ জন পরীক্ষার্থীর সবাই উত্তীর্ণ হয়। তাদের মধ্যে ৫৭৬ জন পায় জিপিএ ৫। আর ২৫ জন পায় জিপিএ ৪-এর বেশি।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,  
নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলাক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com